গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ জানুয়ারি ২০০২/২৪ পৌষ ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৯/২০০১/০৩**—১৯৯৮-৯৯ অর্থ বছরে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক চুক্তিকৃত চালবাহী জাহাজ এম,ভি হাফিনা নিরুদ্দেশ হওয়ার ঘটনা ও এই প্রেক্ষিতে বাংলাদেশ সরকারের আর্থিক ক্ষয়-ক্ষতি নির্ধারণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) যুগ্ম-সচিব (শৃঙ্খলা ও তদন্ত), সংস্থাপন মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের) | .. | সদস্য |
| (৩) বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের) | .. | সদস্য |
| (৪) অর্থ বিভাগের ব্যাংকিং অনুবিভাগের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের) | .. | সদস্য |
| (৫) খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের) | .. | সদস্য |

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) বিবেচ্য ঘটনায় সরকারী আর্থিক ক্ষতির পরিমাণ নির্ধারণ;

(২) সরকারী আর্থিক ক্ষতির কারণ নির্ণয়;

(৩) সরকারী আর্থিক ক্ষতির জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারী/প্রতিষ্ঠান চিহ্নিতকরণ;

(৪) প্রাসংগিক অন্য কোন বিষয়।

২। কমিটি এক মাসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের সচিবের নিকট প্রতিবেদন প্রদান করিবে।

৩। খাদ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুব আহমেদ**

উপ-সচিব

(কমিটি-১)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ জানুয়ারি ২০০২/২৬ পৌষ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৫/২০০১/০৫**—মন্ত্রিপরিষদ বিভাগের গত ৫-১২-২০০১ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১৫/২০০১/২৪১ নম্বর প্রজ্ঞাপন মূলে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ পরীক্ষা করিয়া উহার প্রয়োজনীয় সংশোধনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাননীয় যোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদাকে অন্তর্ভুক্ত করিয়াছে।

২। ১৯৯৩ সালে গঠিত স্থানীয় সরকার কমিশনের প্রতিবেদনের আলোকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮-এর সংশোধন সংক্রান্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা করিতে হইবে।

৩। উক্ত প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জানুয়ারি ২০০২/৬ মাঘ ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-১/২০০২/১৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি কমিশন প্রণীত সুপারিশ ও মতামতসমূহ পর্যালোচনা করিয়া প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

(১) জনাব এম, কে, আনোয়ার মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। .. আহ্বায়ক
(২) জনাব মতিউর রহমান নিজামী, মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। .. সদস্য
(৩) জনাব এম, শামসুল ইসলাম, মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। .. সদস্য
(৪) জনাব তরিকুল ইসলাম, মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়। .. সদস্য
(৫) জনাব শাহজাহান সিরাজ, মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়। .. সদস্য
(৬) ইঞ্জিনিয়ার এল, কে সিদ্দিকী, মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়। .. সদস্য
(৭) ডঃ আবদুল মঈন খান, মন্ত্রী তথ্য মন্ত্রণালয়। .. সদস্য
(৮) জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, প্রতিমন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। .. সদস্য

২। পুনর্গঠিত এই কমিটিকে কৃষি মন্ত্রণালয় সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির প্রতিবেদন অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করিবে।

৩। এই সংক্রান্ত গত ২৩-১-২০০১ তারিখে মপবি/শাঃপঃ/কপগ-১/২০০১/১৩ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হইল।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জানুয়ারি ২০০২/৯ মাঘ ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/১৭**—জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি মন্ত্রিপরিষদ কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ সাইফুর রহমান, মন্ত্রী,অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | ব্যারিস্টার মওদুদ আহমদ, মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | জনাব এম, কে, আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | ব্যারিস্টার মোঃ আমিনুল হক, মন্ত্রী,ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়। | .. | সদস্য |

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ ফেব্রুয়ারি ২০০২/২২ মাঘ ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/২৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বয়স্ক ভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বাবধানের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রতি বৎসর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হইবে এবং উক্ত সভায় বয়স্ক ভাতা প্রদান কর্মসূচীর পূর্ববর্তী বৎসরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা;

(২) বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের এই সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;

(৩) কমিটি অসচ্ছল মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং এই সংক্রান্ত বাজেট প্রণয়ন করা।

২। সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রতি তিন মাসে একবার বৈঠকে মিলিত হইবে।

৪। এই সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১১-৩-১৯৯৮ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/৩৩ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ ফেব্রুয়ারি ২০০২/৭ ফাল্গুন ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৩/২০০২/৪১**—"ন্যায়পাল আইন, ১৯৮০"-এর সংশোধনকল্পে আনীত বিলটি সম্পর্কে সংবিধান এবং আমাদের প্রতিবেশী দেশসমূহসহ পৃথিবীর অন্যান্য দেশের ন্যায়পাল সংক্রান্ত আইনের আলোকে প্রস্তবিত খসড়া বিলটি আরও বিস্তৃতভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী,স্থানয়ি সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | ব্যারিস্টার মওদুদ আহমদ মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | ব্যারিস্টার নাজমুল হুদা, মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | জনাব এম, শামসুল ইসলাম, মন্ত্রী,ভূমি মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) | জনাব এম, কে আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৭) | জনাব আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |

২। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০০২/৮ ফাল্গুন ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৮/৪৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসরকারী খাতে চট্টগ্রামের পতেঙ্গা এবং ঢাকাস্থ পানগাঁওয়ে (BOO, Build, own & Operate)-এর ভিত্তিতে দুইটি কন্টেইনার টার্মিনাল স্থাপনাসহ কন্টেইনার বার্জ সার্ভিস পরিচালনার লক্ষ্যে গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় .. আহ্বায়ক

(২) সচিব, অর্থ মন্ত্রণালয় .. সদস্য

(৩) রাষ্ট্রপতির সচিব .. সদস্য

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় .. সদস্য

(৫) সচিব, নির্বাচন কমিশন সচিবালয় .. সদস্য

(৬) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় .. সদস্য -সচিব

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

সরকার ও ব্যবহারকারীদের স্বার্থ সংরক্ষণ এবং প্রকল্পটির দ্রুত বাস্তবায়ন।

২। নৌ-পরিবহণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজনবোধে অন্যান্য কর্মকর্তা ও ব্যক্তিবর্গের সহায়তা নিতে পারিবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৪-৫-১৯৯৮ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৮/৪৭ মূলে গঠিত এই সংক্রান্ত কমিটি এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। **ইহা অবিলম্বে কার্যকর হইবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ ফেব্রুয়ারি ২০০২/১৫ ফাল্গুন ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৪/২০০২/৪৬**—দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীনে সরকারী ও বেসরকারী পর্যায়ে পরিচালত ক্ষুদ্রঋণ কর্মসূচির মধ্যে সমন্বয় সাধনের নিমিত্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) জনাব মোঃ সাইফুর রহমান, মন্ত্রী,অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়। .. আহ্বায়ক

(২) জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। .. সদস্য

(৩) জনাব মতিউর রহমান নিজামী, মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। .. সদস্য

(৪) জনাব এম, শামসুল ইসলাম, মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। .. সদস্য
(৫) জনাব এম, কে, আনোয়ার, মন্ত্রী,শিল্প মন্ত্রণালয়। .. সদস্য
(৬) বেগম খুরশীদ জাহান হক, মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। .. সদস্য
(৭) জনাব আবদুল্লাহ আল নোমান, মন্ত্রী,শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। .. সদস্য
(৮) জনাব সাদেক হোসেন খোদা, মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়। .. সদস্য
(৯) জনাব আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়। .. সদস্য
(১০) জনাব মোঃ ফজলুর রহমান (পটল), প্রতিমন্ত্রী,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। .. সদস্য

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) সচিব, অর্থ বিভাগ।
(৩) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ মার্চ ২০০২/২১ ফাল্গুন ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-১/৯৫/৫১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে জাতীয় শিশু পরিষদ পুনর্গঠন করিয়াছে ঃ

**(ক) পরিষদের গঠন ঃ**

(১) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় .. আহ্বায়ক
(২) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় .. সদস্য
(৩) মন্ত্রী/প্রতিমন্ত্রী পররাষ্ট্র মন্ত্রণালয় .. সদস্য
(৪) প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় .. সদস্য
(৫) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় .. সদস্য
(৬) মন্ত্রিপরিষদ সচিব .. সদস্য
(৭) আলহাজ সালাহ্ উদ্দিন আহমেদ, সংসদ সদস্য, ১৮৩, ঢাকা-৪, ঢাকা বিভাগ। .. সদস্য
(৮) জনাব মোঃ শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, সংসদ সদস্য, ২৭৭, লক্ষ্মীপুর-৩, চট্টগ্রাম বিভাগ। .. সদস্য
(৯) এডভোকেট মোঃ নাদিম মোস্তফা, সংসদ সদস্য, ৫৫, রাজশাহী-৪, রাজশাহী বিভাগ। .. সদস্য

(১০) জনাব মোঃ শহিদুজ্জামান (বেল্টু), সংসদ সদস্য, ৮৪, ঝিনাইদহ-৪, খুলনা বিভাগ। .. সদস্য

(১১) আলহাজ শফি আহমেদ চৌধুরী, সংসদ সদস্য, ২৩০, সিলেট-৩, সিলেট বিভাগ। .. সদস্য

(১২) জনাব নাজিম উদ্দিন আলম, সংসদ সদস্য, ১২০, ভোলা-৪ বরিশাল বিভাগ। .. সদস্য

(১৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। .. সদস্য

(১৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। .. সদস্য

(১৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। .. সদস্য

(১৬) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। .. সদস্য

(১৭) সচিব, অর্থ বিভাগ। .. সদস্য

(১৮) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। .. সদস্য

(১৯) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ। .. সদস্য

(২০) সচিব, তথ্য মন্ত্রণালয়। .. সদস্য

(২১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। .. সদস্য

(২২) বেগম নার্গিস ইসলাম, ৩৪, মিন্টু রোড, ঢাকা। .. সদস্য

(২৩) জনাব শহীদুল হক খান, ১৫৭/বি, খিলগাঁও, চৌধুরীপড়া (৪র্থ তলা), ঢাকা-১২১৯। .. সদস্য

(২৪) বেগম রওশন আরা ফরিদ, হাউজ-১৯, রোড-১৫, সেক্টর-৪, উত্তরা, ঢাকা। .. সদস্য

(২৫) বেগম তাসমিন রানা, ফ্লাট-১/৯০১, ইস্টার্ণ পয়েন্ট, শান্তিনগর চৌরাস্তা, ঢাকা। .. সদস্য

(২৬) জনাব ইমতিয়াজ হোসেন (চপল), ৬নং গির্দা উর্দু রোড, বকসিবাজার, ঢাকা। .. সদস্য

**(খ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সকল শিশুর স্বার্থ ও অধিকার রক্ষা এবং শিশু কল্যাণের নিমিত্তে সার্বিক নীতি নির্ধারণ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়ন;

(২) শিশুর স্বার্থ ও অধিকার সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনবোধে নূতন আইন ও বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনসমূহের সময়োপযোগী সংশোধন ও পরিবর্তনের জন্য সুপারিশ প্রণয়ন;

(৩) শিশু অধিকার সনদের সঠিক বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট বিষয়াদি পর্যবেক্ষণ;

২। পরিষদ ছয় মাস অন্তর এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। এই সংক্রান্ত গত ১৮-১১-১৯৯৬ তারিখে মপবি/শাঃপঃ/কপগ-১/৯৫/১০৬ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত পরিষদ এতদ্বারা বাতিল করা হইল।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ মার্চ ২০০২/১৭ চৈত্র ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৫/২০০২/৬৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন, রাষ্ট্রীয় ও সামাজিক জীবনের সর্বস্তরে মহিলাদের অধিকার প্রতিষ্ঠা এবং উন্নয়ন কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করিবার লক্ষ্যে নিম্নরূপভাবে "জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ (NCWD) পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

সভাপতি

(১) মাননীয় প্রধানমন্ত্রী

**সহ-সভাপতি**

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৬) মন্ত্রী,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্র্যণালয়

(৭) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৮) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৯) মন্ত্রী,শিল্প মন্ত্রণালয়

(১০) মন্ত্রী,তথ্য মন্ত্রণালয়

(১১) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(১২) মন্ত্রী,খাদ্য মন্ত্রণালয়

(১৩) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(১৪) মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(১৫) মন্ত্রী,বাণিজ্য মন্ত্রণালয়

(১৬) মন্ত্রী,স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(১৭) মন্ত্রী,শিক্ষা মন্ত্রণালয়

(১৮) মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(১৯) মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(২০) প্রতিমন্ত্রী,শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(২১) মন্ত্রিপরিষদ সচিব

(২২) জনাব মোঃ মোজাহার হোসেন, এম, পি (পঞ্চগড়-২)

(২৩) জনাব মোঃ আখতারুজ্জামান মিয়া, এম,পি (দিনাজপুর-৪)

(২৪) জনাব আব্দুল আলীম, এম,পি (জয়পুরহাট-১)

(২৫) জনাব হেলালুজ্জামান লালু, এম,পি (বগুড়া-৭)

(২৬) জনাব মোঃ হারুনুর রশীদ হারুন, এম, পি (চাঁপাইনবাবগঞ্জ-৩)

(২৭) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(২৮) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(২৯) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩০) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৩১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৩২) সচিব, অর্থ বিভাগ

(৩৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৩৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৩৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৩৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩৭) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৩৮) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(৩৯) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৪০) মিসেস ম্যা মা টিং জেলাপরিষদ চেয়ারম্যান, বান্দরবান, পার্বত্য জেলা, বান্দরবান

(৪১) এ্যাডঃ সিগমা হুদা, বাড়ী নং- ৩১, রোড নং-৫, ধানমন্ডি আ/এ, ঢাকা

(৪২) বেগম রাবেয়া চৌধুরী, প্রাক্তন এম, পি ঝাউতলা, কুমিল্লা

(৪৩) বেগম নার্গিস আলী, ১০, পুলিশ লাইন(পূর্বগলি), খুলনা

(৪৪) বেগম নূরজাহান ইয়াসমিন, ৬১, শানকিপাড়া, ময়মনাসংহ

(৪৫) বেগম লুৎফুননেসা হোসেন, প্রযত্নেঃ মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

(৪৬) বেগম সালমা খান, চেয়ারপারসন, এনজিও কমিটি অন বেইজিং প্লাস ফাইভ, উইমেন ফর উইমেন, ১/২, শুক্রাবাদ, ঢাকা।

(৪৭) এ্যাডঃ খালেদা পান্না, ৭৫/ই, ইন্দ্রিরা রোড, ঢাকা

(৪৮) এ্যাডঃ ওয়াহিদ ফেরদৌস, ৪০/বি, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০

(৪৯) এ্যাডঃ তসলিমা খাতুন ছন্দা, ১০ (নতুন), বসুপাড়া লেন, খুলনা-৯১০০

**(খ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্য বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত নীতি প্রণয়ন ও কার্যক্রমের সমন্বয় সাধন;

(২) মহিলাদের আইনগত অধিকার, মহিলা উন্নয়ন এবং মহিলাদের নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত বিষয়াবলী সম্বন্ধে নীতি প্রণয়ন;

(৩) সকল কর্মক্ষেত্রে মহিলাদের স্বার্থ সংরক্ষণ, অংশগ্রহণ ও তাহাদের ভাগ্যোন্নয়ন সম্পর্কে গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এই পরিষদকে সাচিবিক সহায়তা দান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-১-১৯৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৩/৯৬/২০ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত 'জাতয়ি মহিলা উন্নয়ন ' এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ এপ্রিল ২০০২/১৯ চৈত্র ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/৭০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ২২-১-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/১৭ মূলে গঠিত "জনপ্রশাসন সংস্কার সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের জন্য মন্ত্রিসভা কমিটি" নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

(১) জনাব মোঃ সাইফুর রহমান, মন্ত্রী,অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্র্যালয়। .. আহ্বায়ক

(২) জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। .. সদস্য

(৩) জনাব এম. কে. আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। .. সদস্য

(৪) ব্যারিস্টার মোঃ আমিনুল হক, মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়। .. সদস্য

২। মন্ত্রিপরিষদ বিজ্ঞান কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ এপ্রিল ২০০২/১৯ চৈত্র ১৪০৮

**নং মপবি/শাঃপঃ/কপগ-৬/২০০২/৬৯**—সরকার প্রধানের ছবির পাশাপাশি জাতীয় নেতা শেখ মুজিবুর রহমান ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি টাঙ্গানোর বিষয়ে আলোচনার ভিত্তিতে ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) জনাব মোঃ আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। .. আহ্বায়ক

(২) ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। .. সদস্য

(৩) জনাব এম, কে, আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। .. সদস্য

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি সরকার প্রধানের ছবির পাশাপাশি জাতীয় নেতা শেখ মুজিবুর রহমান ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি টাঙ্গানোর বিষয়ে বিরোধীদলীয় নেতৃবৃন্দের সহিত ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে আলোচনা করিবে এবং উহার ভিত্তিতে সুপারিশ পেশ করিবে।

২। কমিটির আহ্বায়ক তাঁহার কার্যের সুবিধার্থে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০০২/৪ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-১/২০০১/৮২**—মন্ত্রিপরিষদ বিভাগের ১৯-১-২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১/২০০১/১৪ নম্বর প্রজ্ঞাপন মূলে কৃষি কমিশন প্রণীত সুপারিশ ও মতামতসমূহ পর্যালোচনা করিয়া প্রতিবেদন প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাননীয় মন্ত্রী, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়- কে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

২। এই কমিটি কৃষি কমিশনের প্রতিবেদনসহ কৃষি সেক্টর সংশ্লিষ্ট সকল বিষয়ই পর্যালোচনা করিবে এবং কমিটির প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।

৩। উক্ত কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০০২/৪ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৭/২০০২/৮১**—জনশক্তি রপ্তানী কার্যক্রমকে আরও গতিশীল করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে সচিব কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয় অথবা তাঁহার প্রতিনিধি, (যুগ্ম-সচিবের নিম্নে নহে)। | .. | সদস্য |
| (৩) | সচিব, অর্থ বিভাগ অথবা তাঁহার প্রতিনিধি, (যুগ্ম-সচিবের নিম্নে নহে)। | .. | সদস্য |
| (৪) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় অথবা তাঁহার প্রতিনিধি, (যুগ্মসচিবের নিম্নে নহে)। | .. | সদস্য |
| (৫) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা তাঁহার প্রতিনিধি, (যুগ্ম-সচিবের নিম্নে নহে) | .. | সদস্য |
| (৬) | সচিব, শ্রশ ও কর্মসংস্থান মন্ত্রণালয় অথবা তাঁহার প্রতিনিধি, (যুগ্মসচিবের নিম্নে নহে) | .. | সদস্য |

২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি তিন মাসের মধ্যে সুপারিশ প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ এপ্রিল ২০০২/১৭ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৮/২০০২/৯৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল" নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

**(ক) কাউন্সিলের গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী। | .. | চেয়ারপার্সন |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৭) | মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৮) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৯) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (১০) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (১১) | মন্ত্রিপরিষদ সচিব। | .. | সদস্য |
| (১২) | মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। | .. | সদস্য |
| (১৩) | সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন। | .. | সদস্য |
| (১৪) | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক। | .. | সদস্য |
| (১৫) | চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন। | .. | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | .. | সদস্য |
| (১৭) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (১৮) | সচিব, শিক্ষা মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (১৯) | সচিব,সংস্থাপন মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (২০) | ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়। | .. | সদস্য |
| (২১) | রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা। | .. | সদস্য |
| (২২) | সভাপতি, বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি। | .. | সদস্য |
| (২৩) | অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়। | .. | সদস্য-সচিব |

(খ) **কাউন্সিলের কার্যপরিধি ঃ**

(১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং প্রয়োজনীয় সংশোধনপূর্বক যুগোপযোগী করা সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান;

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিক-নির্দেশনা প্রদান;

(৩) জন প্রশাসনের বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়ন সম্পর্কে দিক নির্দেশনা প্রদান;

(৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া; এবং

(৫) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করণের ব্যাপারে দিক নির্দেশনা প্রদান।

২। সংস্থাপন মন্ত্রণালয় কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ১০-৭-১৯৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-২০/৯৭/১৫৫ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ মে ২০০২/২২ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৪/২০০২/৯৯**—মন্ত্রিপরিষদ বিভাগের ২৭-২-২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৪/২০০২/৪৬ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে "দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীনে সরকারী ও বেসরকারী পর্যায়ে পরিচালিত ক্ষুদ্রঋণ কর্মসূচীর মধ্যে সমন্বয় সাধনের নিমিত্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে" গঠিত কমিটি-তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব আবদুল্লাহ আল নোমান, সাবেক মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (বর্তমানে মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত)-এর পরিবর্তে জনাব মোঃ লুৎফর রহমান খান (আজাদ), প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-কে অন্তর্ভুক্ত করিয়া উল্লেখিত কমিটি পুনর্গঠন করিয়াছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ মে ২০০২/২৩ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১০১**—মন্ত্রিপরিষদ বিভাগের ১৭-১০-২০০১ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৭৯ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত "আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"-তে (পরিশিষ্ট-চ) মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর পরিবর্তে মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়-কে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উল্লেখিত কমিটি পুনর্গঠন করিয়াছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ মে ২০০২/৩১ বৈশাখ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৮/১১০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসরকারী খাতে চট্টগ্রামের পতেঙ্গা এবং ঢাকাস্থ পানগাঁওয়ে BOO (Build, Own & Operate) এর ভিত্তিতে দুইটি কন্টেইনার টার্মিনাল স্থাপনাসহ কন্টেইনার বার্জ সার্ভিস পরিচালনার লক্ষ্যে গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ//কপগ-৪/৯৮/৪৩, তারিখ ২০-২-২০০২ মূলে পুনঃগঠিত কমিটিকে স্টিভেডরিং সার্ভিসেস অব আমেরিকা বাংলাদেশ লিঃ (এসএসএবি)-এর সাথে নেগোসিয়েশন সম্পন্ন করার দায়িত্ব প্রদান করিয়াছে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ মে ২০০২/১৩ জ্যৈষ্ঠ ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৮/১২১**—বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) কর্তৃক বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অশোধিত তেল পরিবহণ বিষয়ে বিভিন্ন বিদেশী জাহাজ মালিকের দাবী নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-৮-১৯৯৮ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৮/৮৯ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশমালার ৫(গ) অনুচ্ছেদ অনুসারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

(১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম - আহ্বায়ক
(২) জনাব মোঃ নাসির উদ্দিন, উপ-সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয় - সদস্য
(৩) উপ-সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় - সদস্য
(৪) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর প্রতিনিধি - সদস্য

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(ক) উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৮/৮৯ মূলে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির তৃতীয় সভায় গৃহীত সুপারিশমালার ৫(গ) উপ-অনুচ্ছেদ মোতাবেক আরবিট্রেশন এওয়ার্ডকৃত জাহাজ সমূহের মালিকদের দাবীকৃত অন্যান্য বিষয়গুলি যথা জাজমেন্ট ইন্টারেস্ট, জাহাজ মালিকদের কস্টস ও উহার ওপর সুদ, ইত্যাদি বিষয়ে জাহাজ মালিকদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে আপোষ নিস্পত্তি।

(খ) এম টি গ্লোরী চার্টার পার্টি তারিখ ৮ জানুয়ারী, **১991** এর ক্ষেত্রে চলমান এওয়ার্ড যদি জাহাজ মালিকদের পক্ষে হয় সেই ক্ষেত্রে জাহাজ মালিক অনুরূপ কোন দাবী করিলে পরবর্তীকালে এই ব্যাপারে সমরূপ ব্যবস্থা গ্রহণ সম্পর্কে পর্যালোচনা ও সুপারিশ প্রদান।

(গ) প্রাসংগিক অন্যান্য বিষয়।

২। নৌ-পরিবহণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি দুই সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিল করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ জুলাই ২০০২/২৫ আষাঢ় ১৪০৯

**নং মপবি/শাঃপঃ/কপগ-৯/২০০২/১৪৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চট্টগ্রামের কালুরঘাটস্থ শহীদ জিয়া স্মৃতি কমপ্লেক্স নির্মাণ সংক্রান্ত নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) জনাব রেদোয়ান আহমেদ, প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - আহবায়ক |
| (২) জনাব তরিকুল ইসলাম, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) লেঃ কর্ণেল আকবর হোসেন (অবঃ), মন্ত্রী, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) জনাব মির্জা আব্বাস, মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) জনাব এম মোরশেদ খান, মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) মীর মোহাম্মদ নাসির উদ্দীন, প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) জনাব জিয়াউল হক জিয়া, প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রস্তাবিত শহীদ জিয়া স্মৃতি কমপ্লেক্স নির্মাণের জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত জায়গার অনুসন্ধান এবং সে প্রেক্ষিতে মহা-পরিচালক, বাংলাদেশ বেতারের কারিগরী প্রতিবেদন পর্যালোচনাপূর্বক উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ;

(২) কমপ্লেক্স এলাকা কি কি উপাদানের সমন্বয়ে নির্মিত হবে, সে বিষয়ে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান;

(৩) প্রাসংগিক বিষয়ে অভিমত প্রদান।

২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১৬২, তারিখ, ২৩ জুলাই ২০০২/৮ শ্রাবণ ১৪০৯

**অফিস আদেশ**

সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহে প্রতি মঙ্গলবার সভাবিহীন দিবস হিসাবে নির্ধারিত থাকবে। উক্ত সভাবিহীন দিবসে কোন সংস্থায় সভা/সেমিনার/ওয়ার্কসপ অনুষ্ঠান করা যাবে না। কোন কর্মকর্তাও এই দিন সভা, সেমিনার, ওয়ার্কসপে যোগ দিবেন না। শুধুমাত্র জরুরী জাতীয় প্রয়োজনে মাননীয় প্রধানমন্ত্রীর আনুষ্ঠানিক অনুমোদনক্রমে কোন মন্ত্রণালয় এদিন সভা আহ্বান বা সেমিনার/ওয়ার্কসপ আয়োজন করতে পারবে। এক্ষেত্রে নোটিশ/আমন্ত্রণ পত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গৃহীত হয়েছে বলে উল্লেখ থাকতে হবে। সভাবিহীন দিবসে সচিব ব্যতীত অন্যান্য কর্মকর্তাগণ অফিস ব্যবস্থাপনা এবং দর্শনার্থীদের সাক্ষাৎ দান কার্যক্রম সম্পাদন করবেন। সচিবগণ আনুষ্ঠানিকভাবে ভ্রমণসূচি জারীকরতঃ সফর/পরিদর্শনে যেতে পারবেন।

২। এই আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মাহবুব আহমেদ**
উপ-সচিব (অর্থনৈতিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ আগস্ট ২০০২/২৩ শ্রাবণ ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-৫/২০০২/১৭২**—মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১-৩-২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৫/২০০২/৬৬ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত "জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ (NCWD)"-এ ৪৮. নম্বর ক্রমিকে বর্ণিত সম্মানিত সদস্যের নাম "এ্যাডঃ ওয়াহিদ ফেরদৌস"-এর পরিবর্তে "এ্যাডঃ ফেরদাউস আক্তার ওয়াহিদা" হইবে।

২। পরিষদের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ আগস্ট ২০০২/২৭ শ্রাবণ ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৭/৯৬/১৭৫**—বর্তমান নির্বাচিত সরকার ক্ষমতা গ্রহণ করিবার পর হইতে বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। বাস্তবতার নিরীখে কারা সংস্কার সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়ন করা অতীব প্রয়োজন। এই পরিপ্রেক্ষিতে ১৯৯৭ সালে গঠিত কারা সংস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় - আহ্বায়ক

(২) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সদস্য

(৩) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(৪) মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় - সদস্য

(৫) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় - সদস্য

(৬) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় - সদস্য

(৭) মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় - সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৮) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৯) সচিব, পরিকল্পনা বিভাগ

(১০) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) ১৯৮০ সালের কারা সংস্কার কমিশনের সুপারিশসমূহ এবং কারা সংস্কার সংক্রান্ত অন্যান্য কর্মসূচী পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বর্তমান অবস্থার নিরীখে তাহা বাস্তবায়নের জন্য সুপারিশ প্রণয়ন এবং ঐগুলির বাস্তবায়ন;

(২) কমিটি কর্তৃক নির্ধারিত অগ্রাধিকারের ভিত্তিতে কারা সংস্কার কমিশনের সুপারিশমালা পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে সুপারিশ;

(৩) কারার অভ্যন্তরে নির্মাণ প্রস্তাব পরীক্ষা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উহার অন্তর্ভুক্তকরণ;

(৪) কারা সংস্কার কমিশনের সুপারিশমালা বাস্তবায়নে প্রয়োজনীয় বাৎসরিক বাজেটের সুপারিশ;

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৮-৫-১৯৯৭ তারিখের নং মপবি/শাঃপঃ/কপগ-১৭/৯৬/১২৩ নম্বর প্রজ্ঞাপনমূলে সংস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ আগস্ট ২০০২/৩১ শ্রাবন ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১২/২০০২/১৮২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্মকর্তা/কর্মচারীদের মাঠ পর্যায়ে পদায়ন স্ব-স্ব কর্মস্থলে সার্বক্ষণিকভাবে অবস্থান নিশ্চিত করা, কর্মকর্তাদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের ক্ষেত্রে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) পদ সৃজন ইত্যাদি বিষয়গুলি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। | -আহ্বায়ক |
| (২) | সচিব, অর্থ বিভাগ। | -সদস্য |
| (৩) | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | -সদস্য |

২। কমিটি প্রয়োজনবোধে অন্য কোন সদস্য কো-অপ্ট করিতে পারিবে এবং তিন মাসের মধ্যে প্রতিবেদন সরকারের কাছে পেশ করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১৯২,** তারিখ, ২৮ আগস্ট ২০০২/১৩ ভাদ্র ১৪০৯

**সরকারী আদেশ**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা হাসপাতালে সরকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে বিনা খরচে চিকিৎসা করা হবে। এই চিকিৎসা বাবদ বিশ্ববিদ্যালয় হাসপাতালের যে খরচ হবে তা হাসপাতাল কর্তৃপক্ষ অর্থ বৎসরের শেষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে বিল আকারে পেশ করবে। অর্থ বিভাগ এই বিল পরিশোধের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবে।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মাহবুব আহমেদ**

উপ-সচিব (অর্থনৈতিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১৯৬,** তারিখ, ১ সেপ্টেম্বর ২০০২/১৭ ভাদ্র ১৪০৯

**সরকারী আদেশ**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, "সরকারী কর্মকর্তাদের মামলা সংক্রান্ত আর্থিক সাহায্য" শিরোনামে একটি উপ-খাত "বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড" সম্পর্কিত আইনে অন্তর্ভুক্ত করা হবে। সরকারী দায়িত্ব পালন করতে গিয়ে কোন সরকারী কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িয়ে পড়লে এ উপ-খাত হতে প্রয়োজনীয় অর্থ সহায়তা দেয়া হবে।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩ সেপ্টেম্বর ২০০২/১৯ ভাদ্র ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৩/২০০২/১৯৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অকৃষি খাস জমি একসনা বন্দোবস্ত করণের বিষয়ে নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় - আহ্বায়ক

(২) মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় - সদস্য

(৩) মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় - সদস্য

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় - সদস্য

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) বিগত সরকারের আমলে লীজকৃত অকৃষি খাস জমির বিষয়ে পরীক্ষা করিয়া দেখা ও বিদ্যমান নীতিমালা পর্যালোচনা করিয়া এই বিষয়ে সুপারিশ প্রণয়ন করা।

(২) বিগত সরকারের আমলে লীজকৃত জমির বিবরণ চূড়ান্তকরণ।

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। ভূমি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ সেপ্টেম্বর ২০০২/২৫ ভাদ্র ১৪০৯

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৪/২০০২/২০১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রাজস্ব বাজেটে বছরওয়ারী মঞ্জুরী (Relention) বিষয়ে বিদ্যমান আইন-কানুন ও বিধিমালা সংশোধন করিয়া যুগোপযোগী করিবার লক্ষ্যে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

(১) অতিরিক্ত সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ - আহ্বায়ক

(২) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য

(৩) যুগ্ম-সচিব (বাজেট), অর্থ বিভাগ। - সদস্য

(৪) যুগ্ম-সচিব (ওএন্ডএম), সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য সচিব

২। কমিটি ১৫-৯-২০০২ ইং তারিখের মধ্যে সংস্থাপন সচিব বরাবর সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করিবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শাহনাজ আরেফিন**
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ সেপ্টেম্বর ২০০২/১ আশ্বিন ১৪০৯

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৬/২০০২/২০৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঢাকা ওয়াসার সংশোধিত সাংগঠনিক অবকাঠামে অনুমোদন সংক্রান্ত বিষয়ে প্রস্তাবিত অর্গানোগ্রামকে যুক্তিসংগতভাবে নিরূপনের লক্ষ্যে এবং পদসমূহের মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - আহ্বায়ক |
| (২) | অতিরিক্ত সচিব, (বাজেট), অর্থ বিভাগ | - সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব (ওএন্ডএম), সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য |

২। কমিটি তাহার সুপারিশসহ প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে পুনরায় সচিব কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করিবে।

